

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ২২৬৫

পর্ব-৯: দু'আ (তা وكتاب الدعوات)

পরিচ্ছেদঃ ১. প্রথম অনুচ্ছেদ - আল্লাহ সুবহানাহূ ওয়াতা আলার জিকির ও তাঁর নৈকট্য লাভ

بَابُ ذِكْرِ اللَّهِ عَنَّ وَجَلَّ وَالتَّقَرُّبُ إِلَيْهِ

আরবী

وَعَنْ أَبِي ذَرِّ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: يَقُولُ اللَّهُ تَعَالَى: مَنْ جَاءَ بِالسَّيِّئَةِ فَجزاء سَيِّئَة مِثْلُهَا أَوْ تَعَالَى: مَنْ جَاءَ بِالسَّيِّئَةِ فَجزاء سَيِّئَة مِثْلُهَا أَوْ أَعْفِلُ وَمَنْ تَقَرَّبَ مِنِّي ذِرَاعًا تَقَرَّبْتُ مِنْهُ بَاعًا أَعْفِلُ وَمَنْ تَقَرَّبَ مِنِّي ذِرَاعًا تَقَرَّبْتُ مِنْهُ بَاعًا وَمِنْ تَقَرَّبَ مِنِي ذِرَاعًا تَقَرَّبْتُ مِنْهُ بَاعًا وَمَنْ أَتَانِي يَمْشِي أَتَيْتُهُ هَرْوَلَةً وَمَنْ لَقِينِي بِقُرَابِ الْأَرْضِ خَطِيئَةً لَا يُشْرِكُ بِي شَيْئًا لَقِيتُهُ وَمَنْ لَقِينِي بِقُرَابِ الْأَرْضِ خَطِيئَةً لَا يُشْرِكُ بِي شَيْئًا لَقِيتُهُ بِمِثْلِهَا مَغْفِرَةً . رَوَاهُ مُسلم

বাংলা

২২৬৫-[৫] আবৃ যার (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রস্লুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ আল্লাহ তা'আলা বলেনঃ যে ব্যক্তি আমার কাছে একটি কল্যাণকর (ভালো) কাজ নিয়ে উপস্থিত হবে, তার জন্য ঐ কাজের দশগুণ বেশি কল্যাণ (সাওয়াব) রয়েছে। আর আমি এর চেয়েও বেশি দিতে পারি। আর যে ব্যক্তি একটি অকল্যাণকর (মন্দ) কাজ নিয়ে উপস্থিত হবে তার প্রতিফল স্বরূপ এক গুণই অকল্যাণ (গুনাহ) হবে অথবা আমি তাকে মাফও করে দিতে পারি। আর যে ব্যক্তি এক বিঘত পরিমাণ আমার দিকে এগিয়ে আসবে; আমি তার দিকে এক হাত এগিয়ে আসব। যে আমার দিকে হেঁটে আসে, আমি তার দিকে দৌড়ে যাই। আর যে কোন শির্ক না করে আমার কাছে পৃথিবী সমান গুনাহ করে আসে, আমি ওই পরিমাণ ক্ষমা নিয়ে তার সাথে সাক্ষাৎ করি। (মুসলিম)[1]

ফুটনোট

[1] সহীহ : মুসলিম ২৬৮৭, ইবনু মাজাহ ৩৮২১, সুনানুল কুবরা লিল বায়হাকী ৬৬৪৬।

ব্যাখ্যা



ব্যাখ্যা: (فَجَزَاءُ سَيِّبَةً مِثْلُهَا) অসৎ কাজের শান্তি একটি করলে সেই একটিই দেব একটুও বেশি হবে না। এটা নয় যে, বিচারের মান্দণ্ডে হবে।

वं أَوْ أَعْفَرُ) अथवा जात्क अनुश्चर करत आिय क्रमा करत एन ।

'আল্লামা ত্বীবী (রহঃ) বলেন, সৎকাজের জন্য আল্লাহ সুবহানাহূ ওয়াতা'আলা বললেন, একটি করলে দশটি দ্বারা বৃদ্ধি করে দিব, এটা হচ্ছে আল্লাহর অনুগ্রহ। অপরদিকে অসৎকাজের ক্ষেত্রে আল্লাহ বলেন, একটি অসৎ কাজের বিনিময়ে একটিই শাস্তি বা বদী লেখা হবে। এরূপ হওয়ার কারণ হলো একটি সৎকাজের জন্য আল্লাহ বান্দাকে উৎসাহ দিতে গিয়ে বলেছেন। একটি সৎ কাজ করলেই তা ১০ গুণ বর্ধিত হবে। যেমনঃ কুরআনে আল্লাহ তা'আলা বলেন, فَانَا الْحُسُنُوا الْحُسُوا الْحَسُنُوا الْحُسُنُوا الْحُسُنُوا الْحُسُنُوا الْحَسُمُ الْحَسُمُ الْحَسُمُ الْحَسُمُ الْحَسُمُ الْعُمُ الْحُسُمُ الْحَسُمُ الْحَسُم

অর্থাৎ- "যারা সৎ কাজ করবে তাদের জন্য নেকী রয়েছে এবং অতিরিক্ত বোনাসও নির্ধারিত আছে।" (সূরা ইউনুস ১০ : ২৬)

আর অপরদিকে খারাপ 'আমল একটি করলে তার শাস্তি বা বদী যদি একাধিক লেখা হয় তাহলে এটা ন্যায় বিচারের পরিপন্থী যা মহান আল্লাহর শানে শোভা পায় না।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন